বাংলাদেশ সুপ্রীম কোর্ট,
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(সাধারণ ও সংস্থাপন শাখা)
Web: (www.supremecourt.gov.bd)

অফিস আদেশ নং- ১১৯/২০২৫ (পি এন্ড ডি) তারিখ: ২৭/১০/২০২৫ খ্রি.

**বিজ্ঞপ্তি**

যেহেতু "নিরাপত্তা প্রহরী (দারোয়ান)" জনাব মঈন উদ্দিন গত ২৬.১০.২০২৫ তারিখ বিকাল ৪.০০ ঘটিকায় এ্যানেক্স কোর্ট বিল্ডিং ৩য় তলা হতে লিফটে নিচে নামার সময় আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, ঢাকা এর প্রসিকিউটর (ডেপুটি অ্যাটর্নি জেনারেল) জনাব বি এম সুলতান মাহমুদ এর পায়ে কয়েকবার ধাক্কা দেয়। নিচতলায় নামার পর আরও কয়েকবার ধাক্কা দেয়। প্রসিকিউটর জনাব বি এম সুলতান মাহমুদ তার পরিচয় জিজ্ঞাসা করলে সে একেক-সময় একেক কথা বলে। একবার বলে সে হাইকোর্টের ক্লার্ক, পরক্ষণেই বলে সে সাবেক বিচারপতি কৃষ্ণা দেবনাথ মহোদয়ের সহকারী। প্রসিকিউটর জনাব বি এম সুলতান মাহমুদ তার আইডি কার্ড চাইলে সে দেখাতে অস্বীকার করে। তখন তার সন্দেহ হলে সংশ্লিষ্ট নিরাপত্তা প্রহরী (দারোয়ান) কে সুপ্রীম কোর্ট বারে নিয়ে আসার জন্য ব্যক্তিগত নিরাপত্তা রক্ষী ওয়াজকরণীকে নির্দেশ দেন। নিরাপত্তা রক্ষী ওয়াজকরণী তাকে নিয়ে আসার পথে প্রসিকিউটর জনাব বি এম সুলতান মাহমুদ এর পরিচয় প্রদান করে। বারের অফিস কক্ষে নিয়ে আসার পর উক্ত নিরাপত্তা প্রহরী (দারোয়ান) প্রচন্ড উত্তেজিত হয়ে প্রসিকিউটর বি এম সুলতান মাহমুদকে হুঁমকি দেয় এই মর্মে যে, কেন তাকে সুপ্রীম কোর্ট বারে নেয়া হয়েছে। এ কথা বলার পরপরই সে তার (বি এম সুলতান মাহমুদ) মাথায় কিল-ঘুসি মারে। তখন উপস্থিত প্রসিকিউটর বি এম সুলতান মাহমুদ এর গানম্যান ও বারের কর্মচারীরা তাকে নিবৃত্ত করে। তারা সমস্ত ঘটনার প্রত্যক্ষদর্শী। "নিরাপত্তা প্রহরী (দারোয়ান)" জনাব মঈন উদ্দিন এর উক্তরূপ কার্য অফিস শৃঙ্খলা পরিপন্থী, The Supreme Court of Bangladesh (High Court Division) Employees (Discipline and Appeal) Rules, 1983 এর বিধি 2(4) অনুযায়ী অসদাচরণের সামিল, বিধি 2(4) সঙ্গে পঠিতব্য 3(b) এর অপরাধ, যা বিধি 4(1) অনুযায়ী শাস্তিযোগ্য। তার বিরুদ্ধে আনিত অভিযোগ অত্যন্ত গুরুতর প্রকৃতির। একই সঙ্গে সুপ্রীম কোর্টের কর্মে নিযুক্ত থেকে জুলাই পরবর্তী মানবতাবিরোধী অপরাধীদের বিচার প্রক্রিয়ায় সরাসরি যুক্ত প্রসিকিউটরের উপর শারীরিক আঘাত প্রদানের মাধ্যমে তিনি বাংলাদেশ সুপ্রীম কোর্ট ও আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের ভাবমূর্তিকে চরমভাবে ক্ষুন্ন করেছেন। অভিযোগের গুরুত্ব বিবেচনায় তাকে আশু সাময়িক বরখাস্ত (Suspend) করা সমীচীন মর্মে প্রতীয়মান হয়।

সেহেতু "নিরাপত্তা প্রহরী (দারোয়ান)" জনাব মাঈন উদ্দিনকে The Supreme Court of Bangladesh (High Court Division) Employees (Discipline and Appeal) Rules, 1983 এর বিধি 10(1) অনুযায়ী চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত (Suspend) করা হলো। সাময়িক বরখাস্তকালীন সময়ে অভিযুক্ত কর্মচারী প্রচলিত বিধি মোতাবেক খোরাকী ভাতা (Subsistance Allowance) প্রাপ্য হবেন।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

আদেশক্রমে
স্বা/-
তাং- ২৭/১০/২৫
(মোহাম্মদ হাবিবুর রহমান সিদ্দিকী)
রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ সুপ্রীম কোর্ট,
ঢাকা।

রেজিস্ট্রার জেনারেল।

স্মারক নং- ৯৮৭৩(১) জি,ই,এস, তারিখঃ- ২৭/১০/২৫

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের জন্য)।
২। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, কক্ষ নং- ৫২৮, ৫ম তলা, সি,জি,এ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৩। ডি,ডি,ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
৫। কোর্ট কীপার, কোর্ট কীপিং শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
৬। সুপারিনটেনডেন্ট, সাধারণ ও সংস্থাপন শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
৭। জনাব বি এম সুলতান মাহমুদ, প্রসিকিউটর (ডেপুটি অ্যাটর্নি জেনারেল), আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, ঢাকা।
৮। হিসাবরক্ষক, হিসাব শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
৯। জনাব মঈন উদ্দিন, নিরাপত্তা প্রহরী (দারোয়ান), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।

ডেপুটি রেজিস্ট্রার ২৭/১০/২৫
(সার্বিক ও আদি অধিক্ষেত্র)

D:\GS File SHAKIL\1 LOCAL DISK D\Amena Final\Proceeding Shimul\NOte for proceeding and show cause.docx